ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৩৪ ● কলকাতা ● ২২ মাঘ, ১৪৩১ ● বুধবার ● ০৫ ফেব্রুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## মদন ক্ষমা চাইতেই 'অ্যাকশনে' মমতা? তৃণমূলের অন্দরে যা হচ্ছে, ফাঁস হতেই শোরগোল!



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

সাম্প্রতিক অতীতে একাধিক বিস্ফোরক মন্তব্য করে সংবাদের শিরোনামে উঠে এসেছেন কামারহাটির তৃণমূল বিধায়ক মদন মিত্র । দু'দিন আগে অবধিও জোর গলায় একের পর এক চাঞ্চল্যকর দাবি করছিলেন তিনি। যা নিয়ে বিস্তর চর্চা হয়েছে। তবে সম্প্রতি দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে ক্ষমা চেয়ে

এরপর ৩ পৃষ্ঠায়

# অভিষেকের মুকুটে নয়া পালক



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক তথা ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের স্বপ্নের প্রকল্প 'সেবাশ্রয়' । এই প্রকল্পের মাধ্যমে বিগত এক মাসে বিনামূল্যের চিকিৎসা পরিষেবা পেয়েছেন কয়েক লক্ষ মানুষ ।বিগত এক মাসে রুটিন চেকআপ সহ নানান জটিল রোগে আক্রান্ত রোগীরা সাহায্য পেয়েছেন এই সেবাশ্রয় শিবির থেকে। বিনামূল্যে চিকিৎসা পরিষেবা দেওয়ার পাশাপাশি বেঙ্গালুরু কিম্বা ভেলোরের চিকিৎসকদের সাথে অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থাও করে দেওয়া হচ্ছে এই শিবির থেকে। এপ্রসঙ্গে অভিষেকের বক্তব্য,' স্বাস্থ্য পরিষেবা কোনও নীতি নির্ধারণ বা নির্বাচনী সময়ের অপেক্ষায় থেমে থাকতে পারে না। সেবার জন্য সক্রিয়তা, দায়বদ্ধতা এবং দ্রুত সমস্যা সমাধানের প্রয়োজনীয়তা আছে। সেই কাজই করছে সেবাশ্রয়।' তৃণমূল সংসদ জানিয়েছেন, 'এই কর্মসূচি যদি জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চের মাঝে ১৫-১৬ তারিখ নাগাদ শেষ হয়, তাহলে

এরপর ৩ পাতায়






# আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক নতুন ফার্স্ট আর্ন রূপে ক্রেডিট কার্ড চালু করেছে

ফিক্সড ডিপোজিট-সমর্থিত ভার্চুয়াল ক্রেডিট কার্ডের মাধ্যমে ইউপিআই -তে ক্রেডিট সক্ষম করে যা ইউপিআই লেনদেনে 1% ক্যাশব্যাক অফার করে এবং ক্রেডিট অ্যাক্সেসকে গণতান্ত্রিক করে।

২০২৫, মুম্বাই: আইডিএফসি ফার্স্ট ব্যাংক, ভারতের একটি বিশ্বব্যাপী কার্ড পেমেন্ট নেটওয়ার্ক, রূপে-এর সাথে অংশীদারিত্বে, গর্বের সাথে ইউপিআই সক্ষম রূপে ক্রেডিট কার্ড, ফার্স্ট আর্ন চালু করার ঘোষণা দিয়েছে। এই ক্রেডিট কার্ডটি ফিক্সড ডিপোজিট দ্বারা সমর্থিত এবং তাই সকলেই অনলাইনে তাৎক্ষণিকভাবে এই অনন্য ক্রেডিট কার্ডটি গ্রহণ করার যোগ্য। এটি ইউপিআই পেমেন্টে ক্যাশব্যাকও অফার করে যার ফলে এই প্রোডাক্টটি ব্যবহারকারীদের জন্য লাভজনক হয়ে ওঠে।

এতে, সমস্ত গ্রাহকদের জন্য ক্রেডিট কার্ড অ্যাপ্লিকেশনের মধ্যে ফিক্সড ডিপোজিট তৈরি করার কাজটি নির্বিঘ্নে সংহত করা হয়েছে। এর ফলে গ্রাহকরা ইউপিআই তে ক্রেডিট পাওয়ার, পুরষ্কার অর্জনের এবং একই সাথে ফিক্সড ডিপোজিটের উপর আকর্ষণীয় ইন্টারেস্ট রেট অর্জন করার এক অতুলনীয় সুযোগ পান।

এর অন্তর্ভুক্তিমূলক পদ্ধতির পাশাপাশি, ইউপিআই -এর সাথে কার্ডের নিরবচ্ছিন্ন সংহতকরণ সম্ভাবনার এক বিশাল জগৎ উন্মোচন করে, যা ভারত জুড়ে 60 মিলিয়নেরও বেশি ইউপিআই সক্ষম ব্যবসায়ীদের সর্বজনীন অ্যাক্সেস প্রদান করে। প্রতিটি UPI খরচের সাথে, গ্রাহকরা 1% পর্যন্ত ক্যাশব্যাক পাবেন, যা প্রতিটি লেনদেনকে ফলপ্রসূ করে তোলে।

“আমরা প্রথমবারের মতো ক্রেডিট কার্ড ব্যবহারকারীদের জন্য আর্থিক পরিষেবা জগতের প্রবেশদ্বার হিসেবে বিশেষভাবে তৈরি প্রথম আর্ন রুপে ক্রেডিট কার্ড চালু করার ঘোষণা দিতে পেরে আনন্দিত,” বলেন আইডিএফসি ফার্স্ট ব্যাংকের ক্রেডিট কার্ড, ফাস্ট্যাগ এবং লয়্যালটির প্রধান মিস্টার শিরীষ ভান্ডারী।

## ন্যাশনাল সীডস্ কর্পোরেশন লিমিটেড - এর চেয়ারম্যান লভ্যাংশের চেক কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহানের হাতে তুলে দিলেন

**নয়াদিল্লি, ০৪ ফেব্রুয়ারী, ২০২৫**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রকের অধীন রাষ্ট্রায়ত্ত সংস্থা ন্যাশনাল সীডস্ কর্পোরেশন লিমিটেড (এনএসসি) ২০২৩-২৪ আর্থিক বছরে চূড়ান্ত লভ্যাংশ ৩৫.৩০ কোটি টাকা ঘোষণা করেছে। এ পর্যন্ত কোম্পানীর তরফে ঘোষিত এটি সর্বোচ্চ লভ্যাংশ।

কোম্পানীর চেয়ারম্যান ও ম্যানেজিং ডায়রেক্টর ডঃ মনিন্দর কৌর দ্বিবেদী নতুন দিল্লির কৃষি ভবনে আজ এক অনুষ্ঠানে এই লভ্যাংশের চেক কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শ্রী শিবরাজ সিং চৌহানের হাতে তুলে দেন। অনুষ্ঠানে মন্ত্রকের সচিব শ্রী দেবেশ চতুর্বেদী, মন্ত্রকের শস্যবীজ বিভাগের যুগ্মসচিব শ্রী অজিত কুমার সাহু এবং সংস্থার পদস্থ আধিকারিকরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এনএসসি ভারত সরকারের তফশিল-বি এর আওতাভুক্ত

এরপর ৪ পাতায়

# যৌথ অভিযান চালিয়ে নবদ্বীপ থানার বড় সাফল্য, গাঁজা বোঝাই গাড়ি আটক, দুই দিনে গ্রেফতার ৭

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

যৌথ অভিযান চালিয়ে গাঁজা বোঝাই গাড়ি সহ ১ম দিন পাঁচজনকে গ্রেফতার করলো নবদ্বীপ থানার পুলিশ। গোপন সূত্রে খবর পেয়ে সোমবার ৩রা ফেব্রুয়ারি ২০২৫ ভোররাতে রাজ্য সরকারের জাতীয় সড়ক গৌরাঙ্গ সেতুর সন্নিকটে ফরেস্ট ডাঙ্গার মোড়ে জেলা পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপের সঙ্গে যৌথ অভিযান চালিয়ে একটি ছোট বোলেরো গাড়ি আটক করে নবদ্বীপ থানার পুলিশ। গাড়িটি আটক করার পর তল্লাশি করে দেখা যায় তিনটি বস্তা ভর্তি ৫২ কেজি ১০০ গ্রাম নিষিদ্ধ গাঁজা। গাঁজাসহ মোট পাঁচজনকে গ্রেপ্তার করলো। নবদ্বীপ থানা সূত্রে জানা যায় গ্রেপ্তার হওয়া ৫ অভিযুক্ত হলো জলপাইগুড়ি জেলার ভক্তিনগর থানার সেবক রোড এলাকার প্রমোদ ধামই, শিলিগুড়ি যাদব পল্লী এলাকার সুব্রত ঘোষ, দার্জিলিং



নকশালবাড়ি এলাকার কৃষ্ণ ঘোষ ও মোহাম্মদ আফেক এবং নবদ্বীপ থানার মনিপুর এলাকার বাবন সরকার। নবদ্বীপ থানার আইসি জলেশ্বর তেওয়ারি জানান ডিএসপি ডি এন্ড টি এম রহমানের উপস্থিতিতে গোটা অভিযান চালানো হয়। ছোট গাড়ি করে কোচবিহার জেলা থেকে প্রচুর পরিমাণ গাঁজা নিয়ে এসে নবদ্বীপে কোন এক ব্যক্তির কাছে নিয়ে আসছিল। এখনো সেই ব্যক্তির নাম জানা যায়নি তল্লাশি চলছে। বেশ কিছুদিন আগেও গাঁজা উদ্ধার করা হয়েছিল। আবার পুনরায় উদ্ধার করা হলো। একের পর এক এই ধরনের ঘটনা ঘটায় এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। ধৃতদের মাদক আইন মামলা রজু করে ৩ ফেব্রুয়ারি ২০২৫ সোমবার কৃষ্ণনগর জেলার বিশেষ আদালতে পাঠানো হয়েছে।

সোমবার রাতে গোপন অভিযান চালিয়ে আরো দুজনকে নবদ্বীপ শহরের দুইটি জায়গা থেকে গ্রেফতার করল নবদ্বীপ থানার পুলিশ। নবদ্বীপ শহরের পোড়াঘাট এবং পীরতলা স্মৃতিকণ্ঠ বাচস্পতি এলাকার কৃষ্ণেন্দু রায় এবং গোবিন্দ দাস নামে দুই যুবক। ধৃত ২ যুবককে মাদক পাচার আইন লাগু করে জেলা আদালতে পাঠায় নবদ্বীপ থানার পুলিশ মঙ্গলবার ৪ ফেব্রুয়ারি দুপুরে। বহিরাগত রাজ্য এবং পশ্চিমবাংলার বিভিন্ন জেলা থেকে কি করে এই মাদক জাতীয় গাঁজা নবদ্বীপ শহরে প্রবেশ করছে সেই নিয়ে চিন্তিত প্রশাসন সহ সাধারণ মানুষ।







(১ম পাতার পর)

# অভিষেকের মুকুটে নয়া পালক

প্রয়োজনে আমরা পয়লা বৈশাখের আগে ৫ হাজার ডাক্তারের কনভেনশন করব কলকাতার বুকে।'যদিও দলের প্রবীণ নেতাদের একাংশ মনে করেন এটা তেমন কোন বড় বিষয় নয়! তাই সরকারি পরিষেবার সঙ্গে এই সেবাশ্রয় প্রকল্পকে এক করা ঠিক নয়। কিন্তু বাস্তবে ছবিটা ঠিক কেমন? রিপোর্ট বলছে বিগত এক মাসের মধ্যেই নতুন রেকর্ড গড়ে ফেলেছে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সেবাশ্রয় কর্মসূচি। এই প্রকল্পের সাহায্যে একেবারে বিনামূল্যের চিকিৎসা পরিষেবা থেকে শুরু করে একাধিক জীবনদায়ী ওষুধ পৌঁছে যাচ্ছে মানুষের দুয়ারে।গত মাসেই ২ জানুয়ারি থেকে শুরু হয়েছে সেবাশ্রয়ের পথ চলা। ইতিমধ্যেই এই সরকারি প্রকল্পের মাধ্যমে উপকৃত হয়েছেন রাজ্যের প্রায় সাড়ে পাঁচ লক্ষ মানুষ। তাই নিন্দুকরা যাই বলুক না কেন বিগত এক মাসে ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রে ব্যাপক প্রভাব ফেলেছে সেবাশ্রয়। রিপোর্ট বলছে এক মাসেই এই সরকারি প্রকল্পে উপকৃত হয়েছেন প্রায় সাড়ে ৫ লক্ষ মানুষ। স্নায়ু রোগের চিকিৎসা থেকে শুরু করে,চোখের ছানি কিংবা হার্টের অপারেশন এমনই একাধিক সুবিধা পেয়েছেন বহু মানুষ।

সেবাশ্রয় প্রকল্পের মাধ্যমেই দলের ভিতরে এবং বাইরে থাকা নিন্দুকদের নীরবে জবাব দিয়েছেন অভিষেক । এখন সেবাশ্রয় হয়ে উঠেছে ডায়মন্ড হারবার বাসীর আশার আলো। সেবাশ্রয়ের দৌলতেই ৯ বছরের আলতাফের হার্টের অপারেশন হয়েছে জেআইএমএস হাসপাতালে। আগের থেকে তাঁর শারীরিক অবস্থারও অনেক উন্নতি হয়েছে। অপারেশনের পর আলতাফের পরিবারকে দেওয়া হয়েছে সমস্ত রকম সুযোগ সুবিধা।

বিনামূল্যের এই চিকিৎসা পরিষেবার সাফল্যের কাহিনী তুলে ধরে সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছেন, 'স্বাস্থ্য পরিষেবা নাগালের বাইরে থাকায় মানুষ নীরবে ভুগে যাবে সেই ধারণা ক্রমাগত ভুল প্রমাণ করছে সেবাশ্রয়।' এই প্রকল্পের সাহায্যে ছানি অপরেশনের পর দৃষ্টিশক্তি ফিরে পেয়েছেন বহু মানুষ। নিরাময় হয়েছে গাঁটের ব্যথার অসুখ। নিয়মিত ওষুধ পাচ্ছেন স্তন ক্যান্সারে আক্রান্ত এক মহিলা, এছাড়া কানের অস্ত্রোপচার হয়েছে দু'জনের।

(১ম পাতার পর)

# মদন ক্ষমা চাইতেই 'অ্যাকশনে' মমতা? তৃণমূলের অন্দরে যা হচ্ছে, ফাঁস হতেই শোরগোল!

তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বক্সীর কাছে একটি চিঠি দেন তিনি।সম্প্রতি একের পর এক বিস্ফোরক মন্তব্য করে শোরগোল ফেলে দেন কামারহাটির তৃণমূল বিধায়ক। মদন মিত্র দাবি করেন, তৃণমূল কংগ্রেসের জেলা কমিটির সদস্য হতে গেলে নাকি ১০ লাখ টাকা করে দিতে হয়। পরবর্তীতে অবশ্য দলের সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে ক্ষমা চেয়ে নেন তিনি। তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বক্সীকে দেওয়া চিঠিতে মদন লেখেন, 'মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও মর্মাহত হয়েছেন। আমি এর জন্য লিখিতভাবে দুঃখপ্রকাশ করছি'।সম্প্রতি মদন সহ তৃণমূলের একাধিক বিধায়কের মুখে নানান বিস্ফোরক মন্তব্য শোনা গিয়েছে। সেসব নিয়ে প্রচুর জলঘোলাও হয়েছে। আগামী বছর রাজ্যে বিধানসভা ভোট। তার আগে এসব বেফাঁস মন্তব্য তৃণমূলের অস্বস্তি বাড়াচ্ছে বলে মনে করছেন রাজনৈতিক বিশেষজ্ঞরা। সেই কারণেই কি এবার আসরে নামতে চলেছেন খোদ দলনেত্রী?

একটি সর্বভারতীয় সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, দলের বিধায়কদের নিয়ে এবার বৈঠকে বসতে চলেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। বিধানসভাতেই সেই বৈঠক হবে। ইতিমধ্যেই দলের তরফ থেকে জানিয়ে দেওয়া হয়েছে দিনক্ষণ। এরপরেই প্রশ্ন উঠছে, এই বৈঠকে কি তৃণমূল বিধায়কদের উদ্দেশে কোনও কড়া বার্তা দেবেন দলের সুপ্রিমো?জানা যাচ্ছে, আগামী ১০ ফেব্রুয়ারি তৃণমূল কংগ্রেসের পরিষদীয় বৈঠক হতে চলেছে। সেদিন বেলা ১টায় বিধানসভাতেই এই বৈঠক হবে বলে খবর। সূত্র উদ্ধৃত করে ওই সর্বভারতীয় সংবাদমাধ্যমের প্রতিবেদনে দাবি করা হয়েছে, সেই বৈঠকে দলের বিধায়কদের উদ্দেশে বার্তা দেবেন তৃণমূল নেত্রী। দলীয় শৃঙ্খলা এবং আচরণবিধির ওপর জোর দেওয়া হবে।

## নাম পদবী পরিবর্তন

আমার প্রকৃত নাম সেখ জাকির হোসেন, পিতা - সেখ সাজ্জাত আলি, সাং- কাশীরামপুর, পোঃ - জাফরপুর, থানা- ফলতা, জেলা - দক্ষিণ চব্বিশ পরগণা, যাহা আমার আধার কার্ড ও প্যান কার্ডে উল্লেখ আছে। কিন্তু দলিল লেখক লাইসেন্সে আমার নাম সেখ জাকির আলী লিখিত হইয়াছে। গত ৩০/০৯/২০২৪ তারিখে ডায়মণ্ড হারবার ১ ম শ্রেণীর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ২ য় আদালতে এফিডেভিট বলে সেখ জাকির হোসেন ও সেখ জাকির আলী এক ও অভিন্ন ব্যক্তি বলিয়া পরিচিত হইলাম।

## জলবায়ুর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বিভিন্ন ধরনের ফসল

নতুন দিল্লি, ৪ ফেব্রুয়ারি ২০২৫

ভারতীয় কৃষি গবেষণা পরিষদ আইসিএআর-এর তত্ত্বাবধানে আইসিএআর ইন্সটিটিউট এবং রাজ্য / কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয় সহ জাতীয় কৃষি গবেষণা সংস্থা এনএআরএস ২০১৪ থেকে ২০২৪ সাল পর্যন্ত ২,৯০০টি বিভিন্ন ধরনের ফসল উদ্ভাবন করেছে। এর মধ্যে কেরালায় ৬৩ ধরনের ফসল উদ্ভাবন করা হয়েছে, যার ২৩টি শস্য, ২টি তৈলবীজ, ১০টি ডাল, ১৫টি ঘাস জাতীয় এবং ১৩টি আখ জাতীয় ফসল রয়েছে। এই ফসলগুলির মধ্যে ৫৮টি সবরকম জলবায়ুর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

ভারত সরকারের প্রতি ফোঁটায় আরও ফসল পিডিএমসি প্রকল্পটি ২০১৫-১৬ সাল থেকে বাস্তবায়িত হচ্ছে। ক্ষুদ্র সেচ ব্যবস্থার মাধ্যমে এই প্রকল্পে খামারে জল ব্যবহারের দক্ষতা বৃদ্ধিতে নজর দেওয়া হয়। এই প্রকল্পে বিভিন্ন উপায়ে জল সাশ্রয়ের পাশাপাশি সারের ব্যবহার কম করা, অন্যান্য উপকরণ ব্যয় হ্রাস এবং শ্রম কমানোর মতো বিষয়ে নজর দেয় ও কৃষকের সামগ্রিক আয় বৃদ্ধিতে জোর দেওয়া হয়। সরকারের এই প্রকল্পের আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ৫৫ শতাংশ ও অন্যান্য কৃষকদের ৪৫ শতাংশ আর্থিক সহায়তা প্রদান করা হয়।

এরপর ৫ পাতায়

# সম্পাদকীয়

## পশ্চিমবঙ্গের নাম 'বাংলা' করার প্রস্তাব, রাজ্যসভায় তৃণমূল সাংসদের নয়া দাবি

পশ্চিমবঙ্গের নাম পরিবর্তন নিয়ে এক গুরুত্বপূর্ণ দাবি উঠেছে রাজ্যসভায়। তৃণমূল কংগ্রেসের সাংসদ ঋতব্রত বন্দ্যোপাধ্যায় রাজ্যসভায় দাবি তুলেছেন যে, পশ্চিমবঙ্গের নাম অবিলম্বে "বাংলা" করা হোক। তাঁর এই দাবিটি পশ্চিমবঙ্গ বিধানসভার সর্বসম্মত প্রস্তাবের ওপর ভিত্তি করে করা হয়েছে, যেখানে রাজ্য সরকারের পক্ষ থেকে দাবি জানানো হয়েছিল রাজ্যের নাম পরিবর্তন করে "বাংলা" করা হোক।এখন প্রশ্ন উঠছে, রাজ্যের নাম পরিবর্তনের জন্য কেন্দ্র সরকারের অনুমোদন কতটা সহজ হবে। রাজ্যসভায় ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের এই দাবি পুনরায় নাম পরিবর্তনের আন্দোলনকে সামনে আনতে পারে। এই নাম পরিবর্তন শুধু বাংলার জনগণের গর্বের বিষয় নয়, এটি দেশের অন্যান্য রাজ্যগুলোর জন্যও একটি বার্তা হতে পারে।

আসলে, রাজ্যের নাম পরিবর্তন কোনও রাজনৈতিক উদ্দেশ্য নয়, বরং এটি বাংলার গৌরব, ইতিহাস এবং সংস্কৃতির প্রতি সম্মান জানাতে একটি পদক্ষেপ। এখন দেখার বিষয় হল, কেন্দ্র সরকার এই দাবি মেনে নেবে কিনা, এবং বাংলার জনগণের দীর্ঘদিনের দাবি পূর্ণ হবে কিনা।ঋতব্রত বন্দ্যোপাধ্যায় বলেন, "পশ্চিমবঙ্গের নাম পরিবর্তন নিয়ে বিধানসভায় সর্বসম্মত প্রস্তাব পাস হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত কেন্দ্র সরকারের পক্ষ থেকে এ বিষয়ে কোনও পদক্ষেপ নেওয়া হয়নি। পশ্চিমবঙ্গের নাম পরিবর্তন শুধু একটি প্রশাসনিক পরিবর্তন নয়, এটি আমাদের ভাষা, সংস্কৃতি এবং ঐতিহ্যের প্রতি শ্রদ্ধা জানানো। বাংলা নামটি আমাদের সাংস্কৃতিক পরিচয়ের সঙ্গে যুক্ত, এবং এটি আমাদের ভাষা ও ইতিহাসের অংশ।"

তিনি আরও বলেন, "এই প্রস্তাবটি পশ্চিমবঙ্গ বিধানসভায় সর্বসম্মতভাবে পাস হয়েছে। এটি শুধু রাজ্যের জনগণের জন্যই নয়, দেশের সমস্ত বাংলাভাষী জনগণের জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে। রাজ্যের নাম পরিবর্তন বাংলাভাষীদের গর্বের বিষয়, এবং এটি বাংলার সাংস্কৃতিক ঐতিহ্যকে সম্মান জানাবে।"তিনি আরও বলেন, "এই প্রস্তাবটি পশ্চিমবঙ্গ বিধানসভায় সর্বসম্মতভাবে পাস হয়েছে। এটি শুধু রাজ্যের জনগণের জন্যই নয়, দেশের সমস্ত বাংলাভাষী জনগণের জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে। রাজ্যের নাম পরিবর্তন বাংলাভাষীদের গর্বের বিষয়, এবং এটি বাংলার সাংস্কৃতিক ঐতিহ্যকে সম্মান জানাবে।"

ঋতব্রত বন্দ্যোপাধ্যায় আরও উল্লেখ করেন, "রাজ্যের নাম পরিবর্তন হওয়া উচিত, কারণ এটা একটি দীর্ঘদিনের দাবি। রাজ্য সরকার এবং পশ্চিমবঙ্গের বিধানসভা ইতিমধ্যে এ বিষয়ে তাদের সিদ্ধান্ত জানিয়ে দিয়েছে, কিন্তু কেন্দ্র সরকার এখনও কোনো সিদ্ধান্ত নেয়নি। আমরা আশা করি, কেন্দ্র সরকার দ্রুত এ বিষয়ে পদক্ষেপ নেবে।"এর আগে, ২০১১ সালে তৃণমূল কংগ্রেস সরকার ক্ষমতায় আসার পর থেকেই পশ্চিমবঙ্গের নাম পরিবর্তনের বিষয়টি আলোচনায় আসে। মমতা বন্দ্যোপাধ্যায়ও বারবার বলেছেন, বাংলার সাংস্কৃতিক ঐতিহ্য ও ভাষাকে সম্মান জানিয়ে রাজ্যের নাম পরিবর্তন করা উচিত। তবে কেন্দ্রের তরফ থেকে এর কোনও বাস্তব পদক্ষেপ এখনো দেখা যায়নি।

# আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার

(আঠাশতম পর্ব)



১৭৫৭ খৃষ্টাব্দে পলাশীর যুদ্ধে ইংরেজদের হাতে নবাব সিরাজদ্দৌল্লা পরাজিত ও নিহত হলেন। রাজা নবকৃষ্ণ ইংরেজদের শুভানুধ্যায়ী ও লর্ড ক্লাইভের পরামর্শদাতা ছিলেন। যে কোন কারণেই হোক নবকৃষ্ণ এই সময় প্রচুর বিত্তশালী হয়েছিলেন।

১৭৬৫, ১লা আগস্ট দিল্লির বাদশাহ শাহ আলমের কাছ থেকে লর্ড ক্লাইভ বাংলা-বিহার-ওড়িশার দেওয়ানি লাভ করেন। নবাবী শাসনের নামমাত্র অস্তিত্ব থাকে। সেই উপলক্ষে রাজা নবকৃষ্ণ মা কালীকে সোনার মুণ্ডমালা দান করেছিলেন।

মা কালী সহ গোটা মন্দির ও

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

## ন্যাশনাল সীডস্ কর্পোরেশন লিমিটেড - এর চেয়ারম্যান লভ্যাংশের চেক কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহানের হাতে তুলে দিলেন

মিনিরত্ন শ্রেণীর প্রথমসারির সংস্থা। দেশে খাদ্য সুরক্ষা সুনিশ্চিত করতে এবং কৃষি উৎপাদন বৃদ্ধি করতে এনএসসি প্রত্যয়িত শস্য বীজ উৎপাদন ও বিতরণের সঙ্গে যুক্ত। ২০২৩-২৪ অর্থবর্ষে এনএসসি'র আর্থিক সাফল্য উল্লেখযোগ্য। বিগত বছরে পরিচালন আয় ১০৭৮.২৩ কোটি টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০২৩-২৪ এ দাঁড়িয়েছে ১১৪৩.২৬ কোটি টাকায়। কোম্পানীর মুনাফা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। কর জমা পূর্ব মুনাফা ৬৪.৭৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ৮৬.৮১ কোটি টাকায় দাঁড়ায় এবং কর প্রদানের পর এ পর্যন্ত সর্বাধিক মুনাফা ৩৮.১৫ শতাংশ বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৭৩.৬৪ কোটি টাকায়।

এই সংস্থা ক্রমাগতই বাজারে তাদের অবস্থানকে সুদৃঢ় করেছে। ৯৯২টি নতুন ডিলার নিয়োগের পর কোম্পানীর মোট ডিলার সংখ্যা ৪ হাজার ৬৬৫। এছাড়াও, কোম্পানী ২ হাজার ১২৬টি এফপিও, পিএসি এবং এলএএমপি নিয়োগ করেছে। পরিকাঠামোগত উন্নতিসাধনের ফলে সংস্থার বীজ প্রক্রিয়াকরণ দক্ষতা ২৫.৬৭ লক্ষ ক্যুইন্টাল বৃদ্ধি পেয়েছে। সরকারের কৃষি উদ্যোগে এই সংস্থার উল্লেখযোগ্য উপস্থিতি লক্ষ্য করা যায়। সরকার ও ডিলারকে তারা শস্যবীজ সরবরাহ করে। এছাড়াও, ওএনডিসি মঞ্চ মারফৎ অনলাইনেও শস্যবীজ বিক্রিও করা হয়। ৩০টিরও বেশি ওএনডিসি অ্যাপে এনএসসি'র শস্য বীজ এবং চারা বপণ সংক্রান্ত তথ্য সন্ধান করার পাশাপাশি অনলাইন মারফৎ অর্ডার করারও সংস্থান রয়েছে।

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



-: মৃত্যুঞ্জয় সরদার :-

ব্রাহ্মণ্য পরিমণ্ডলে নিজের জায়গা করে নিতে ভূতপ্রেত নিয়ে দক্ষযজ্ঞ পণ্ড করতে হয়েছিল শিবকে, নাচতে হয়েছিল প্রলয়নাচন। কিন্তু সব কিছু সত্ত্বেও শিবের মধ্যে সেই দ্বৈত সত্তাই থেকে গিয়েছে— এক দিকে তিনি শ্মশানের দেবতা, ভূতপ্রেত তাঁর অনুচর, কাপালিকরা তাঁর সাধক; অন্য দিকে তিনি ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক 2025 অর্থবছরের তৃতীয় কোয়ার্টারে প্যাট 339 কোটি টাকা, মূল পরিচালন মুনাফা 15% বার্ষিক বৃদ্ধি পেয়েছে

**আর্থিক ফলাফল**

মুম্বাই, জানুয়ারী, ২০২৫: আইডিএফসি ফার্স্ট ব্যাংক আজ 31 ডিসেম্বর, 2024 তারিখে শেষ হওয়া ত্রৈমাসিক এবং নয় মাসের আনওডিটেড আর্থিক ফলাফল প্রকাশ করেছে।

**আমানত এবং ঋণ**

- কাস্টমার ডিপোজিট: 31 ডিসেম্বর, 2023 তারিখে 176,481 কোটি টাকা থেকে 28.8% বার্ষিক বৃদ্ধি পেয়ে 31 ডিসেম্বর, 2024 তারিখে 2,27,316 কোটি টাকায় উন্নীত হয়েছে।
- রিটেল ডিপোসিটস 31 ডিসেম্বর, 2023 তারিখে 1,39,431 কোটি টাকা থেকে 29.6% বার্ষিক বৃদ্ধি পেয়ে 31 ডিসেম্বর, 2024 তারিখে 1,80,752 কোটি টাকায় উন্নীত হয়েছে।
- CASA ডিপোজিট 32.3% বার্ষিক বৃদ্ধি পেয়ে 31 ডিসেম্বর, 2023 তারিখে 85,492 কোটি টাকা থেকে 31 ডিসেম্বর, 2024 তারিখে 1,13,078 কোটি টাকায় উন্নীত হয়েছে।
- 31 ডিসেম্বর, 2024 তারিখে CASA অনুপাত 47.7% ছিল।
- 31 ডিসেম্বর, 2024 তারিখে রিটেল ডিপোজিট মোট কাস্টমার ডিপোজিটের প্রায় ~80%।
- অর্থবছরের তৃতীয় প্রান্তিকে ব্যাংকের তহবিলের খরচ ছিল 6.49%। উচ্চমূল্যের উত্তরাধিকার ঋণ বাদ দিলে, অর্থবছরের তৃতীয় প্রান্তিকে তহবিলের খরচ ছিল 6.43%। অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকের তুলনায় আমানতের খরচ 6.38% এ স্থিতিশীল ছিল।

**অন্যান্য ব্যবসা**

- গত ত্রৈমাসিকে ব্যাংক কর্তৃক ইস্যু করা ক্রেডিট কার্ডের সংখ্যা 3.2 মিলিয়ন ছাড়িয়েছে।
- ওয়েলথ ম্যানেজমেন্ট AUM (ডিপোজিট ব্যালেন্স সহ) 53% বার্ষিক বৃদ্ধি পেয়ে 42,778 কোটি টাকায় পৌঁছেছে
- ফাস্ট্যাগ: 22 মিলিয়ন ফাস্ট্যাগ ইস্যু করে ব্যাংক এখনও বৃহত্তম ইস্যুকারী ব্যাংক।
- ট্যাক্স কালেকশন: সেন্ট্রাল বোর্ড অফ ডাইরেক্ট ট্যাক্সেস (CBDT) এর পক্ষ থেকে ডাইরেক্ট ট্যাক্স এবং সেন্ট্রাল বোর্ড অফ ইনডাইরেক্ট ট্যাক্সেস (CBIC) এর পক্ষ থেকে জিএসটি সংগ্রহের জন্য ব্যাংককে তালিকাভুক্ত করা হয়েছে। ব্যাংক প্রযুক্তিগত একীকরণ সম্পন্ন করেছে এবং ট্যাক্স কালেকশন শুরু করেছে।

(৩ পাতার পর)

## জলবায়ুর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বিভিন্ন ধরনের ফসল

চরম আবহাওয়ার জন্য ফসলের ক্ষতি এড়াতে ভারতীয় আবহাওয়া বিভাগ আইএমডি গ্রামীণ কৃষি মৌসম সেবা জিকেএমএস নামে একটি প্রকল্প চালু করেছে। এটি ভারতীয় কৃষি গবেষণা পরিষদ আইসিএআর ও রাজ্য কৃষি বিশ্ববিদ্যালয়গুলির সহায়তায় কৃষির উপযোগী আবহাওয়ার পূর্বাভাস সংক্রান্ত পরিষেবা প্রদান করে।

ভারত সরকারের মোবাইল অ্যাপ মেঘদূত এবং মৌসম-এর সাহায্যে কৃষকরা তাঁদের নিজ নিজ জেলার জন্য আবহাওয়ার সতর্কতা ও সেই অনুযায়ী কৃষি পরামর্শ পেতে পারেন। এর ফলে তাঁদের কৃষি কাজের বিষয়ে যথাযথ সিদ্ধান্ত নেওয়া সহজ হয়। এছাড়া হোয়াটসঅ্যাপ, ফেসবুক, ইউটিউবের মতো সামাজিক মাধ্যম থেকেও কৃষকরা আবহাওয়ার পূর্বাভাস জানতে পারেন। প্রায় ৪০ লক্ষ কৃষক এই সব মাধ্যম থেকে ইংরেজি ও আঞ্চলিক ভাষায় তথ্য সংগ্রহ করছেন।

সম্প্রতি ভূ-বিজ্ঞান মন্ত্রক ও পঞ্চায়েতিরাজ মন্ত্রক ২৪ অক্টোবর ২০২৪ তারিখে ভারতের সমস্ত গ্রামপঞ্চায়েতের জন্য পঞ্চায়েত স্তরে আবহাওয়ার পূর্বাভাস দেওয়ার ব্যবস্থা চালু করেছে। ডিজিটাল প্ল্যাটফর্ম যেমন ই-গ্রামস্বরাজ, মেরি পঞ্চায়েত অ্যাপ এবং ই-মানচিত্র-এর সাহায্যে তথ্য পাওয়া যায়।

খরা পর্যবেক্ষণের জন্য কৃষি ও কৃষক কল্যাণ বিভাগ স্পেস অ্যাপ্লিকেশন সেন্টারের সহযোগিতায় একটি জিও পোর্টাল তৈরি করেছে। এর সাহায্যে বৃষ্টিপাত, মাটির আর্দ্রতা, জল সঞ্চয় বা খরা সম্পর্কে তথ্য সংগ্রহ করা সম্ভব। এই পোর্টালটি একটি একজানালা ডিজিটাল প্ল্যাটফর্ম। খরা পরিস্থিতি সনাক্তকরণে সাহায্য করে।

লোকসভায় আজ এক প্রশ্নের লিখিত জবাবে কৃষি ও কৃষক কল্যাণ প্রতিমন্ত্রী শ্রী ভগীরথ চৌধুরী এই তথ্য জানান।

### আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

### রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# কাল দিল্লিতে ভোটগ্রহণ
# মানুষ যেন বুদ্ধিমানের মতো নিজেদের স্বার্থ বিবেচনা করে ভোট দেন: বুদ্ধিজীবী

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

**নবেশ কুমার, জ্যেষ্ঠ সাংবাদিক**




**নতুন দিল্লি, ৪ ফেব্রুয়ারি ২০২৫ (সংস্থা)।** দিল্লি বিধানসভা নির্বাচনের জন্য আগামীকাল সমস্ত ৭০টি আসনে ভোট গ্রহণ করা হবে। নির্বাচন কমিশনের পক্ষ থেকে সমস্ত প্রস্তুতি সম্পন্ন হয়েছে। স্বাধীন ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এই বছর দিল্লিতে মোট ১,৫৫,২৪,৮৫৮ জন ভোটার তাদের ভোট দেবেন, যার জন্য ১৩,০৩৩টি ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছে।

প্রধান রাজনৈতিক দল বিজেপি, আপ এবং কংগ্রেস-এর প্রার্থীরা প্রচারের শেষ পর্যায়ে গতকাল সন্ধ্যা ৫টা পর্যন্ত ডোর-টু-ডোর প্রচার চালিয়েছেন।

এই তিনটি প্রধান দল গতকাল ৪৯টি জনসভা আয়োজন করেছিল। এরই মধ্যে দেশের বিশিষ্ট ব্যক্তিরাও আগামি ভোট নিয়ে উৎসাহ প্রকাশ করেছেন।

বিশিষ্ট শিক্ষাবিদ ও দিল্লি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক যোগেশ কুমার বলেছেন, দিল্লির জনগণ অত্যন্ত সচেতন। তারা সব কিছু জানে এবং নিজেদের স্বার্থ বিবেচনা করেই ভোট দেয়।

উত্তর-পূর্ব ভারতের বিশিষ্ট সমাজকর্মী শ্রীমতি প্রণামী দেবী বলেছেন, দিল্লিতে বসবাসরত উত্তর-পূর্বের অভিবাসীদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ। তিনি তাদের নিজেদের স্বার্থ অনুযায়ী ভোট দেওয়ার আহ্বান জানিয়েছেন।

তিনি অভিযোগ করেন যে দিল্লিতে বসবাসরত উত্তর-পূর্বের মানুষের প্রতি বরাবর বৈষম্যমূলক আচরণ করা হয়েছে, যেন তারা বিদেশি। তাই তিনি তাদের ব্যাপকভাবে ভোট দিতে অনুরোধ করেছেন।

পুর্বাঞ্চলের বিশিষ্ট নেতা অরবিন্দ পাঠক, যিনি বহু গণআন্দোলনের নেতৃত্ব দিয়েছেন, বলেছেন যে দিল্লিতে এবারও সেই দলের সরকার গঠিত হবে, যারা পুর্বাঞ্চলবাসীদের গুরুত্ব দিয়েছে।

বিশিষ্ট চিকিৎসক ডঃ গিরজেশ রস্তোগী বলেছেন, দিল্লিবাসীদের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ সুযোগ। জনগণ যেন এমন প্রার্থী নির্বাচন করে, যারা তাদের সমস্যার সমাধান করতে পারবে।

ডঃ রস্তোগী আরও বলেন, যদি মানুষ কর্মঠ প্রার্থী নির্বাচন করে, তবে এলাকার সামগ্রিক উন্নয়ন হবে। তিনি দলীয় রাজনীতির উর্ধ্বে উঠে যোগ্য প্রার্থীদের ভোট দেওয়ার আহ্বান জানিয়েছেন।

# ২০২৫-২৬ অর্থ বছরে বস্ত্র মন্ত্রকের জন্য ৫২৭২ কোটি টাকা বাজেট বরাদ্দের ঘোষণা

**নতুন দিল্লি, ০৪ ফেব্রুয়ারি, ২০২৫**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন গত ১ ফেব্রুয়ারি, ২০২৫-২৬ অর্থ বছরের সাধারণ বাজেট পেশ করেছেন। বাজেটে বস্ত্র মন্ত্রকের জন্য ৫২৭২ কোটি টাকা বরাদ্দের ঘোষণা করা হয়েছে, যা ২০২৪-২৫ সালের বাজেট অনুমানের (৪৪১৭.০৩ কোটি) থেকে ১৯ শতাংশ বেশি।

তুলোর, বিশেষত অতিরিক্ত দৈর্ঘ্যসম্পন্ন তুলোর প্রজাতির উৎপাদনশীলতা বাড়াতে সাধারণ বাজেটে ৫ বছরের মেয়াদে তুলো মিশন চালু করার কথা বলা হয়েছে। এর আওতায় তুলো চাষীদের বিজ্ঞান ও প্রযুক্তিগত সহায়তা দেওয়া হবে। ৫টি এফ-এর নীতির সঙ্গে সামঞ্জস্য রেখে এই মিশন কৃষকদের আয় বৃদ্ধি এবং উচ্চমানের তুলোর নিরবচ্ছিন্ন সরবরাহ সুনিশ্চিত করবে। দেশীয় উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে এই উদ্যোগ, কাঁচামালের যোগান স্থিতিশীল করার পাশাপাশি আমদানির উপর নির্ভরতা কমাবে এবং বস্ত্র ক্ষেত্রে ভারতকে আন্তর্জাতিক স্তরে প্রতিযোগিতার যোগ্য করে তুলবে।

প্রতিযোগিতামূলক দামে অ্যাগ্রো টেক্সটাইল, মেডিকেল টেক্সটাইল এবং জিও টেক্সটাইল-এর মতো কারিগরি বস্ত্রের দেশীয় উৎপাদনশীলতা বাড়াতে বাজেটে আরও দু'ধরনের শাটল-লেস তাঁতকে করের আওতামুক্ত করা হয়েছে। শাটল-লেস র্যা পিয়ার তাঁত (প্রতি মিনিটে ৬৫০ মিটারের কম) এবং শাটল-লেস এয়ারজেট তাঁতের (প্রতি মিনিটে ১০০০ মিটারের কম) উপর বর্তমান ৭.৫ শতাংশ শুল্ক সম্পূর্ণ প্রত্যাহার করা হয়েছে। এর ফলে, উচ্চমানের তাঁত আমদানি করার খরচ কমবে, বস্ত্রবয়ন শিল্পের আধুনিকীকরণ ও সক্ষমতা বৃদ্ধির পথ সুগম হবে।

বোনা পোশাকের উপর সীমা শুল্কের হার '১০ অথবা ২০ শতাংশ' থেকে বাড়িয়ে '২০ শতাংশ অথবা প্রতি কেজি ১১৫ টাকার মধ্যে যেটি বেশি' করা হয়েছে। এর ফলে, সস্তা পোশাকের আমদানি কমবে এবং ভারতীয় পোশাক উৎপাদকরা আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতার যোগ্য হয়ে উঠবেন।

হস্ত শিল্পের রপ্তানিকে উৎসাহ দিতে এর সময়সীমা ৬ মাস থেকে বাড়িয়ে ১ বছর করা হয়েছে। প্রয়োজনে এর মেয়াদ আরও ৩ মাস বাড়ানো যাবে। শুল্কমুক্ত উপাদানের তালিকায় উল পালিশের সামগ্রী, ঝিনুক, মুক্তো, শিং সহ ৯টি সামগ্রী অন্তর্ভুক্ত করা হয়েছে।

ভারতে বস্ত্র শিল্প ক্ষেত্রের ৮০ শতাংশ সংস্থাই হল অণু, ক্ষুদ্র ও মাঝারি সংস্থা – এমএসএমই ক্ষেত্রের অন্তর্ভুক্ত। বাজেটে রপ্তানির উপর দেওয়া গুরুত্ব, ঋণের সুবিধা ও পরিধির বিস্তার এমএসএমই ক্ষেত্রকে বিশেষভাবে সাহায্য করবে। এছাড়া, জাতীয় ম্যানুফ্যাকচারিং মিশন, রপ্তানি প্রসার মিশন, ভারত ট্রেড নেটের গঠন, অর্থ যোগানের তহবিল গঠন, শ্রম নিবিড় ক্ষেত্র গড়ে তোলার ব্যবস্থা প্রভৃতি যেসব ঘোষণা বাজেটে করা হয়েছে, তা কর্মসংস্থান এবং উদ্যোগ স্থাপনের সুযোগ সুবিধা বাড়াবে। এমএসএমই-গুলির শ্রেণী বিভাজনের মাপকাঠির পুনর্বিন্যাস এবং গৃহীত অন্যান্য ব্যবস্থা বস্ত্র শিল্পের জন্য এক সহায়ক পরিমণ্ডল গড়ে তুলবে।

# সিনেমার খবর

cinema TV

## মিঠুন পুত্রকে কেন সেট থেকে ছুড়ে ফেলতে চেয়েছিলেন সালমান?





স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

সালমান খান, বলিউডে তার দাপট ঠিক কতটা তা আর আলাদা করে বলার অপেক্ষা রাখে না। ভাইজানের নাম শুনলে একশ্রেণি রীতিমত কাঁপতে থাকেন। তবে, সালমান খান সবাইকে বেশ কাছে টেনে নিতেই পছন্দ করেন। যদিও তিনি ভীষণ মুডি। কখনো মেজাজ হারিয়ে কাউকে আক্রমণ করে ফেলেন, কখনো আবার তিনি বুকে টেনে বলিউডে কাজ করতে সাহায্য করেন। বলিউডে এমন উদাহরণও প্রচুর রয়েছে। যেখানে বারবার সলমন খানকে দেখা গেছে সবার নজরের কেন্দ্রে জায়গা করে নিতে। তবে, একটা বিষয় তিনি মোটেও পছন্দ করেন না, তা হল তার বয়স নিয়ে টানাটানি। একবার মিঠুন পুত্র নমশি চক্রবর্তীর ভয়ানক অভিজ্ঞতা হয়েছিল।

তখন তিনি 'ব্যাড বয়' সিনেমার শুট সবেমাত্র শেষ করেছেন। পাশেই চলছিল রাধে সিনেমার শুট। সেদিন তিনি স্থির করেছিলেন তিনি সালমান খানের সঙ্গে দেখা করবেন। তিনি সেটে গিয়ে সলমনের পা স্পর্শ করে প্রণাম জানাতে গেলেই সালমান খান একপ্রকার মেজাজ হারান। তীব্র ভাঙায় আক্রমণ করে নমশিকে বুকে টেনে নেন তিনি।

সালমান বলেন, কোনোদিন এই কাজ আর কোরো না। এই কাজ যদি তুমি ভবিষ্যতে আর কোনোদিন করো, বিশেষ করে দিশা পাটানির সামনে... আমি তোমায় সেট থেকে ছুড়ে ফেলে দেব।'

এরপর নমশি বলেন, 'তাই নিয়ম হয়, সালমানের পা ছোঁয়া যাবে না'।

নমশি প্রথম নন, এর আগে একই অভিজ্ঞতা হয়েছিল বরুণ ধাওয়ানের। তিনি এমনই এক কাণ্ড ঘটিয়ে বসেছিলেন। ছোট থেকে তিনি দেখতেন সালমান খানকে তার বাবা ডেভিড ধাওয়ানের ফ্রেমে অভিনয় করতে। তখন থেকেই সালমানকে ছোট্ট বরুণ আঙ্কেল অর্থাৎ কাকা বলতেন। বড় হয়ে তিনি সালমানকে প্রকাশ্যে সালমান আঙ্কেল বলতেই তিনি চড় মারতে এগিয়ে আসেন। স্পষ্ট জানিয়েছিলেন 'ভাই বোল', অর্থাৎ ভাই বলো।

## যে কারণে চার দেশে নিষিদ্ধ অক্ষয়ের সিনেমা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ভারত সরকারের চতুর্থ সর্বোচ্চ বেসামরিক নাগরিক সম্মাননা পদ্মশ্রী পাচ্ছেন তারকা সংগীতশিল্পী অরিজিৎ সিং। শিক্ষা, বাণিজ্য, সাহিত্য, বিজ্ঞান, খেলাধুলা, সমাজসেবা, শিল্পকলা ও সরকারি ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ভারত সরকার প্রতিবছর এই সম্মাননা দিয়ে থাকে।

অরিজিৎ ছাড়াও পশ্চিমবাংলার বিশিষ্ট নৃত্যশিল্পী ও অভিনেত্রী মমতা শঙ্কর পেয়েছেন পদ্মশ্রী সম্মান।

হিন্দুস্তান টাইমস এর খবরে বলা হয়েছে, প্রতিবারের মতো এবারেও প্রথা মেনে ভারতের প্রজাতন্ত্র দিবসের (রবিবার) আগের দিন শনিবার রাতে ঘোষিত হয়েছে এ বছরের পদ্ম পুরস্কার প্রাপকদের নাম। এবার পদ্ম সম্মানে ভূষিত হয়েছেন মোট ১৩৯ জন। তার



অরিজিৎ সিং

মধ্যে মধ্যে ৭ পদ্মবিভূষণ, ১৯ পদ্মভূষণ সম্মান প্রদান করা হয়েছে।

পশ্চিমবঙ্গ থেকে একাধিক ব্যক্তিত্ব পেয়েছেন পদ্মশ্রী সম্মান তবে আসেনি একটাও পদ্মবিভূষণ, পদ্মভূষণ। পুরস্কার প্রাপ্তদের তালিকায় আছেন পশ্চিমবাংলার তারকারাও।

পদ্মশ্রী সম্মানে পশ্চিমবাংলা থেকে ভূষিত হয়েছেন সন্ন্যাসী কার্তিক মহারাজ, সঙ্গীত জগতের সঙ্গে জড়িত সরোদ বাদক তেজেন্দ্র নারায়ণ মজুমদার, ঢাক বাদক, হাবড়ার বাসিন্দা গোকুল চন্দ্র দাসের মতো ব্যক্তিত্বরা। এছাড়াও পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছেন, শিল্পপতি পবন গোয়েঙ্কা, শিল্পপতি সজ্জন ভজঙ্ক। সমাজকল্যাণমূলক কাজের জন্য পদ্মশ্রী পাচ্ছেন বিনায়ক লোহানি। সাহিত্য ও শিক্ষায় অসামান্য অবদানের জন্য পদ্মশ্রী পাচ্ছেন নগেন্দ্রনাথ রায়।

এবারের পদ্ম সম্মানে আসামের নৃত্যাচার্য যতীন গোস্বামী সম্মানিত হয়েছেন। অর্থনীতিবিদ প্রয়াত বিবেক দেবরায়কে সম্মানিত করা হচ্ছে মরণোত্তর পদ্মভূষণে।

পশ্চিমবাংলার বাইরে পদ্মশ্রী প্রাপ্তদের তালিকায় রয়েছেন সাবেক ভারতীয় ক্রিকেটার রবিচন্দ্রন অশ্বিন। এছাড়া পদ্মভূষণ পাচ্ছেন ভারতের হকি দলের সাবেক গোলরক্ষক পিআর শ্রীজেশ। মরণোত্তর পদ্মভূষণ সম্মান পাচ্ছেন সঙ্গীতশিল্পী পঙ্কজ উদাস এবং রাজনীতিবিদ সুশীল মোদী।

## মুখ্যমন্ত্রীর আহ্বানেও কি সিদ্ধান্ত বদলাবেন না ঋতুপর্ণা?



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

রাজনীতিতে তারকাদের অংশগ্রহণ নতুন নয়। নির্বাচন ঘিরে প্রায়ই শুরু হয় জল্পনা—কোন তারকা এবার রাজনীতির মঞ্চে পা রাখবেন। এবার সেই আলোচনায় উঠে এসেছে জনপ্রিয় অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্তের নাম। তবে কি রাজনীতিতে আসছেন তিনি? এই প্রশ্নে সরাসরি উত্তর দিলেন অভিনেত্রী।

সম্প্রতি ভারতীয় গণমাধ্যমে দেওয়া এক সাক্ষাৎকারে ঋতুপর্ণা জানান, রাজনীতি তার জগত নয়। তিনি বলেন, "আমি রাজনীতির কিছু বুঝি না। রাজনীতি থেকে দূরে থাকতে চাই। আমি একজন শিল্পী, এবং শিল্পী হিসাবেই থাকতে চাই।"

২০২৪ সালের লোকসভা নির্বাচনে হুগলি সংসদকেন্দ্রে লড়াই করেছিলেন অভিনেত্রী রচনা বন্দ্যোপাধ্যায়, যেখানে তিনি বিজেপির লকেট চট্টোপাধ্যায়কে হারিয়ে জয়ী হন। আগামী বছর পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচন সামনে রেখে নতুন করে তারকাদের রাজনীতিতে আসার জল্পনা শুরু হয়েছে।

এ প্রসঙ্গে সাংবাদিকরা ঋতুপর্ণাকে প্রশ্ন করেন, যদি মুখ্যমন্ত্রী তাকে রাজনীতিতে যোগ দেওয়ার প্রস্তাব দেন, তখন কী করবেন? হাসিমুখে অভিনেত্রীর উত্তর, "তখন আমি মুখ্যমন্ত্রীকেই বলব সেই কথাটা।"

রাজনীতিতে না আসার দৃঢ় সংকল্প জানিয়ে ঋতুপর্ণা আবারও প্রমাণ করলেন, তিনি মনেপ্রাণে একজন শিল্পী এবং সেখানেই থাকতে চান।

# ভারতের 'দাদাগিরি'র প্রতিশোধ পাকিস্তানকে বিশ্বকাপে নিতে বললেন কিংবদন্তি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সমস্যার শুরু ভারতীয় দল পাকিস্তানে না পাঠানো নিয়ে। এরপর জার্সিতে আয়োজক দেশের নাম রাখ না নিয়ে ছড়িয়েছে বিতর্ক। সর্বশেষ উদ্বোধনী অনুষ্ঠানে রোহিত শর্মাকেও পাকিস্তানে যেতে দেবে না বলেছে ভারত।

ভারতের একের পর এক দাদাগিরির পরও পাকিস্তানকে চুপ থাকতে বললেন দেশটির সাবেক ক্রিকেটার বাসিত আলী। চুপ থাকা মানে ঠিক 'চুপ' থাকা নয়, তিনি চাইছেন পাকিস্তান এখন চুপ থেকে যেন এর প্রতিশোধ নেয় ২০২৬ সালে।

ভারতের পাকিস্তানে না যাওয়ার সমাধান এরই মধ্যে হয়ে গেছে। ভারত চ্যাম্পিয়নস ট্রফির ম্যাচগুলো খেলবে দুবাইয়ে। তবে বাকি দুটো সমস্যার সমাধান এখনো হয়নি। বৈশ্বিক টুর্নামেন্টগুলোতে সাধারণত সব দলের জার্সিতে টুর্নামেন্টের লোগোর নিচে স্বাগতিক দেশের নাম ও সাল লেখা থাকে। সেটা টুর্নামেন্ট আয়োজক দেশ থেকে সরে



গেলেও।

ভারত ২০২১ টি-টোয়েন্টি বিশ্বকাপে একই সুবিধা পেয়েছে। ২০২১ টি-টোয়েন্টি বিশ্বকাপ ভারত থেকে আরব আমিরাতে সরে গেলেও সব দল 'ইন্ডিয়া ২০২১' লেখা জার্সি পরেই খেলেছে। তবে এখন ভারত রাজি হচ্ছে না।

আইসিসি টুর্নামেন্টের আগে আয়োজক দেশে অধিনায়কদের সাংবাদিক সম্মেলন ও ট্রফি নিয়ে ফটোসেশন পরিচিত একটা ঘটনা। তবে ভারতীয় অধিনায়ক রোহিত শর্মাকে পাকিস্তানে যেতে দিচ্ছে না ভারত। টাইমস অব ইন্ডিয়া ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) এক সূত্রের বরাত দিয়ে এই তথ্য জানিয়েছে।

পাকিস্তানের সাবেক ক্রিকেটার বাসিত আলী মনে করছেন, এসবের কারণে পাকিস্তানের কিছুই হবে না। ক্ষতি যা হওয়ার, হবে ক্রিকেটের। ইউটিউবে তিনি বলেছেন এভাবে, 'ভারত পাকিস্তানের নাম জার্সিতে লিখতে চায় না। রোহিত শর্মাও পাকিস্তানে যাবে না। কিন্তু তাতে হতাশ হচ্ছেন কেন? চুপ থাকাই সেরা উত্তর। তারা যদি নাম ছাপাতে না চায়, ছাপানো উচিত হবে না। উদ্বোধনী অনুষ্ঠানে যদি রোহিত শর্মা আসতে না চায়, তার আসা উচিত নয়। সহজ বিষয়। পিসিবি শুধু প্রতিবাদ জানিয়ে বিসিসিআইকে একটা ই-মেইল করতে পারে রেকর্ড রাখার জন্য। এর বেশি কিছু করা উচিত হবে না।'

ভারত ও শ্রীলঙ্কার মাটিতে হবে ২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপ। সেই বিশ্বকাপে পাকিস্তান ভারতে যাবে না এই শর্তেই নাকি এবার হাইব্রিড মডেলে রাজি হয়েছে পাকিস্তান।

বাসিতও এই বিশ্বকাপেই জবাব দিতে বলেছেন, 'এসব পাকিস্তানের ক্রিকেটের কোনো ক্ষতি করবে না। এটা জয় শাহ ও বিশ্ব ক্রিকেটেরই ক্ষতি হবে। ২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপ হবে ভারতে। তো পাকিস্তানও ভারতের নাম জার্সিতে না ছাপাতে পারে। এমনকি অধিনায়কেরও যাওয়া উচিত নয়। একই কাজই করা উচিত।'

## চোটে বিপদে ভারত! দুই তারকা সিরিজ থেকে বাদ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ইংল্যান্ডের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে ভারতীয় দলের জন্য বিপত্তি নেমে এল। দলের দুই তরুণ তারকা নীতিশ কুমার রেড্ডি ও রিংকু সিং চোটের কারণে সিরিজ থেকে ছিটকে পড়লেন।

দ্বিতীয় ম্যাচের আগেই তাদের চোটের খবর পাওয়া যায়। নীতিশ রেড্ডির চোট গুরুতর এবং তিনি আর এই সিরিজে ফিরতে পারবেন না। রিংকু সিংয়ের কোমরে ব্যথা থাকায় তৃতীয় ম্যাচ খেলতে পারবেন কি না তা এখনও নিশ্চিত নয়।

নীতিশ রেড্ডি ও রিংকু সিং দুজনেই ভারতীয় দলের ভবিষ্যতের তারকা হিসেবে দেখা হচ্ছিল। তাদের চোটে দলের ভারসাম্য নষ্ট হতে পারে। বিশেষ করে নীতিশ রেড্ডি অস্ট্রেলিয়ার বিপক্ষে বোর্ডার-গাভাস্কার ট্রফিতে দুর্দান্ত পারফরম্যান্স করেছিলেন।

স্কোয়াডে নতুন দুই মুখ:

দুই ক্রিকেটারের পরিবর্তে শিভাম দুবে ও রমনদীপ সিংকে দলে নেওয়া হয়েছে। শিভাম দুবে রঞ্জি ট্রফিতে দুর্দান্ত ফর্মে ছিলেন এবং রমনদীপ সিং আগেও জাতীয় দলে খেলেছেন।

ভারতের জন্য চ্যাম্পিয়ন্স ট্রফির আগে এটি একটি বড় চিন্তার বিষয়। এই দুই ক্রিকেটারের অনুপস্থিতি দলের জন্য বড় ধরনের সমস্যা সৃষ্টি করতে পারে।

## বিশ্ব রেকর্ড গড়ে চেলসিতে যুক্তরাষ্ট্রের নাওমি গির্মা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নারী ফুটবলে ট্রান্সফার ফির বিশ্ব রেকর্ড গড়ে ইংলিশ ক্লাব চেলসিতে যোগ দিয়েছেন যুক্তরাষ্ট্রের ডিফেন্ডার নাওমি গির্মা।

আগামী ২০২৯ সাল পর্যন্ত ২৪ বছর বয়সী গির্মার সঙ্গে চুক্তি করেছে চেলসি। যুক্তরাষ্ট্রের ক্লাব স্যান ডিয়েগো ওয়েভকে প্রায় ৯ লাখ পাউন্ড দিতে রাজি হয়েছে উইমেন'স সুপার লিগের শীর্ষে থাকা দলটি।

মেয়েদের ফুটবলে ট্রান্সফার ফির আগের রেকর্ড ছিল র‍্যাচেল কুনদানাঞ্জির। জাম্বিয়ান ২৪ বছর বয়সী ফরোয়ার্ডকে গত ফেব্রুয়ারিতে ৬ লাখ ৮৫ হাজার পাউন্ডে দলে টানে যুক্তরাষ্ট্রের বে এফসি।



নাওমি গির্মা।

আর্সেনালের বিপক্ষে রবিবারের লড়াইয়ে মাঠে নামার আগে গির্মাকে স্ট্যামফোর্ড ব্রিজে পরিচয় করায় চেলসি। এর আগে ক্লাবের ওয়েবসাইটে নিজের অনুভূতি জানান তিনি।

নাওমি গির্মা বলেন, 'এই ক্লাবে যোগ দিতে পেরে আমি অনেক খুশি ও সত্যিই রোমাঞ্চিত। বিশ্বাসই হচ্ছে না। চেলসির অনেক কিছুই আমাকে এখানে আসতে আগ্রহী করেছে- সংস্কৃতি, জয়ের মানসিকতা, স্টাফ ও খেলোয়াড়।'

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১

● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR